মাননীয়,

সিনিয়র সহকারী জজ আদালত ছাগলনাইয়া, ফেনী

জেলা- ফেনী।

দেওয়ানী মামলা নং- /১৮ইং।

স্থাবর সম্পত্তিতে স্বত্ব ঘোষনার ডিক্রী পাওয়ার আবেদন পত্র

তায়দাদ মং- ৩০,০০০/-

১। শহিদুল ইসলাম
২। ফখরুল ইসলাম
৩। নজরুল ইসলাম

সর্বপিতা- মৃত সফিউল্যাহ, সাং- দক্ষিন কুহুমা, উপজিলা- ছাগলনাইয়া, জেলা- ফেনী।

বাদীগন

বনাম

১। আবদুর রহমান
২। আবদুল মজিদ
৩। মোঃ ইউছুফ মিয়া

সর্ব পিতা- মৃত ছৈয়দের রহমান, সাং- দক্ষিণ কুহুমা।

৪। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসক, ফেনী।

বিবাদীগন

বাদীগনের দাবী এই,

১। অত্রাদালতের এলাকাধীনে ছাগলনাইয়া উপজিলার অর্ন্তগত মৌজে দক্ষিন কুহুমার মধ্যে নিম্ম তফসিলের ১নং সম্পত্তি সাবেক ৮৮৭ দাগের ৫০ শতক ভূমিতে ০.৬৬ অংশে ৩৩.৩৩ শতক ভূমি আবদুল করিম মিঝি এবং ০.৩৩ অংশের ১৬.৩৭ শতক ভূমিতে ছমদ আলী সাবেক ২৪ নং খতিয়ানের রেকর্ডীয় ব্যক্তি হিসাবে মালিক দখলকার ছিল। ১ নং সম্পত্তির সাবেক ৮৮৬ দাগে ২৩ শতক ভূমির ৭৯ নং খতিয়ানের রেকর্ডীয় ব্যক্তি ছমদ আলী . অংশে ৮.৬২ শতক ভূমিতে এবং আবদুল করিম ও তমিজ উদ্দিন অংশে ১৪.৩৮ শতক ভূমিতে রেকর্ডীয় ব্যক্তি হিসাবে মালিক দখলকার ছিল।

নিম্মে তফসিলের ২নং সম্পত্তি উক্ত উপজেলাধীনে উক্ত মৌজার সাবেক ৮০ নং খতিয়ানে ৫৭ শতক পুকুরের ভূমি হিসাবে রেকর্ডীয় ব্যক্তি ছমদ আলী |. আনা হিস্যায় অংশে ১৪.২৫ শতক এবং রন গাজী |.আনা হিস্যায় ১৪.২৫ শতক ও আবদুল করিম ও তমিজ উদ্দিন প্রত্যেকে ১৪.২৫ শতক ভূমিতে মালিক দখলকার ছিলেন। উক্ত খতিয়ান ত্রয়ের ভূমি সহ অপরাপর ভূমিতে ছমদ আলী মালিক থাকিয়া গনুমিয়া আবদুল ও বাদশা মিয়াকে পুত্র , ও হাসমত বিবি ও আফজল বিবিকে কন্যা আলোক বিয়াকে স্ত্রী ওয়ারিশ রাখিয়া গেলে ছমদ আলী অংশে মালিক দখলকার হয়। আঃ করিম মৃত্যুকালে আমির হোসেন, ছৈয়দের রহমান, ও আজিজের রহমানকে পুত্র ওয়ারিশ রাখিয়া গেলে তাহারা আঃ করিমের ত্যাজ্যবিত্তে¡ ওয়ারিশী স্বত্বে স্বত্ববান হয়। রেকর্ডীয় ব্যক্তি ছমদ আলী ও আঃ করিম এর ওয়ারিশগনের বিরুদ্ধে ত্রিপুরা মহারাজার বকেয়া খাজনার দায়ে ফেনী ১ম মুন্সেফি আদালতে ১২৬৫/১৯৩৭ ইং নং কর মোকদ্দমা আনয়ন করে ডিক্রী প্রাপ্তে পরবর্তীতে উক্ত আদালতের কর ডিক্রী

জারী মামলা নং ১২/৩৯ ইং আনায়নে ডিক্রী জারী মোকদ্দমায় সাবেক ২৪ নং খতিয়ানে ৮৮৭ দাগে ১৬.৫০ শতক ও সাবেক ৭৯নং খতিয়ানে সাবেক ৮৮৬ দাগে ৮.৫০ শতক এবং সাবেক ৮০ নং খতিয়ানে সাবেক ৮৮১/৮৮২ দাগে ২১ শতক ভূমি নিলাম হইলে তাহা জৈনিকা খাতুন বিবি গং ৫ জনে নিলাম খরিদ সূত্রে মালিক দখলকার হয়। উক্ত খতিয়ান ত্রয়ের নিলাম বাদ সাবেক ২৪নং খতিয়ানের ৮৮৭ দাগে ছমদ আলীর ওয়ারিশগন ১১.৬৭ শতক এবং আঃ করিমের ওয়ারিশগন ২৩.৩৪ শতক এবং সাবেক ৭৯ নং খতিয়ানের সাবেক ৮৮৬ দাগ নিলাম বাদ বক্রী ছমদ আলী ওয়ারিশ গনু মিয়া গং ৪.৩৭ শতক এবং আবদুল করিম এর ওয়ারিশ আমির হোসেন গং ১০.১৩ শতক ভূমিতে মালিক দখলকার হয়।

নিম্ম তফসিলের ২ নং সম্পত্তি উক্ত উপজেলাধীন উক্ত মৌজার সাবেক ৮০ নং খতিয়ানের সাবেক ৮৮১/৮৮২ দাগে ৫৭ শতক ভূমি আন্দরে ২১ শতক নিলাম বাদ বক্রী ৩৬ শতক ভূমিতে রনগাজী রেকর্ডীয় ব্যক্তি রনগাজী ১৪.২৫ শতক এবং তমিজ উদ্দিন ১৪.২৫ শতক এবং আঃ করিমের ওয়ারিশ আমির হোসেন গং ৩.৭৫ শতক আঃ ছমদ আলীর ওয়ারিশ গনু মিয়া গং ৩.৭৫ শতক ভূমিতে মালিক দখলকার হয়।

২। ছমদ আলীর ওয়ারিশগনের মধ্যে পুত্র বাদশা মিয়া, আবদুল এবং কন্যা আফজল বিবি ও হাশমত বিবি এবং স্ত্রী আলোক বিয়ার অংশ পারিবারিক আপোষ চিহ্নিত মতে গনু মিয়া কে ছাড়িয়া দিলে নিম্ম তফসিলে ১নং সম্পত্তিতে ১৬.০৪ শতক এবং ২নং সম্পত্তিতে ৩.৭৫ শতক ভূমিতে মালিক দখলকার হয়। গনু মিয়া মৃত্যুকালে নুর মিয়াকে পুত্র, হাফেজা খাতুন কে কন্যা ওয়ারিশ রাখিয়া গেলে তাহারা ওয়ারিশী স্বত্বেস্বত্ববান হয়। নুর মিয়া অবিবাহিত অবস্থায় মৃত্যুকালে একমাত্র বোন হাফেজা খাতুনকে ওয়ারিশ রাখিয়া গেলে নুর মিয়ার অংশে হাফেজা খাতুন স্বত্ববান হয়। হাফেজা খাতুন উক্ত মতে মালিক দখলকার থাকিয়া মৃত্যুকালে বাদীগনের অধুনামৃত পিতা সফিউল্যাহ কে একমাত্র পুত্র ওয়ারিশ রাখিয়া গেলে হাফেজা ওয়ারিশী স্বত্বেনিম্ম তফসিলের দাগের ভূমিতে ১ নং সম্পত্তিতে ১৬.০৪ শতক এবং ২ নং সম্পত্তিতে ৩.৭৫ শতক ভূমিতে স্বত্ববান হয়। অতি সম্প্রতি বিএস জরিপে নিম্ম তফসিলের ১ নং সম্পত্তি সাবেক দাগ সহ বে-নালিশী দাগের সমন্বয়ে হাল ৬৭২ দাগে ৮৬ শতক বসত বাড়ীর ভূমি হিসাবে এবং নিম্ম তফসিলে ২নং সম্পত্তি সাবেক ৮৮১/৮৮২ দাগে হাল বিএস ৬৭০ দাগে ৫৭ শতক পুকুর হিসাবে দাগ সৃজন করিয়া ৭০ নং বিবাদী জরিপ কর্মচারীগন বাদীদের অধুনামৃত পিতার নামে নিম্ম তফসিলে ১নং সম্পত্তি আন্দরে ১০ শতক ভূমি বাবত বাদীগনের পিতার নামে ৫৪৬ নং বিএস খতিয়ানে বাড়ীর অংশ হিসাবে রেকর্ড করিয়া বক্রী ৬.০৪ শতক ভূমি ও ২ নং তফসিলের পুকুরাংশে ৩.৭৫ শতক ভূমি বাদীদের অধুনামৃত পিতার নামে রেকর্ড না করিয়া ৭০ নং বিবাদী জরিপ কর্মচারীগন নেহায়েৎ ভুলভাবে ১- ৬৬ নং বিবাদীগন কি তাহাদের মৌরশের নামে বিএস জরিপ রেকর্ড করিয়া রাখার বিষয়ে বাদীগন অত্রাদালতের দেওয়ানী ৩৬/১৭ নং মামলা হইতে বিগত ১১/৩/১৮ ইং তারিখে বর্নিত ভুলসর্ম্পকে অবগত হয়।

৩। বাদীগনের অধুনামৃত পিতা সফিউল্যাহ নিম্ম তফসিলে ১/২ নং সম্পত্তিতে মালিক থাকিয়া মৃত্যুকালে বাদীগনকে ৩ পুত্র এবং ৬৭/৬৮ নং বিবাদীগন কে ২ কন্যা এবং ৬৯নং বিবাদীনিকে স্ত্রী ওয়ারিশ রাখিয়া গেলে তাহারা ওয়ারিশী স্বত্বেস্বত্ববান হয় এবং তাহাদের মধ্যে পারিবারিক আপোষ মতে ৬৭-৬৯ নং বিবাদীগনের অংশ আপোষে বাদীগনকে ছাড়িয়া দিয়া নিঃস্বত্ব হইলে বাদীগন নিম্ম

তফসিলের ভূমিতে বিবাদীগনের জানা ও দেখামতে সনসনা সরকারী রাজস্ব আদায়ে বসতে বসবাস ও পুকুরে মৎসাদি জিয়াইয়া ধরিয়া এজমালিতে ব্যবহার করিয়া শান্তিপূর্ন ভাবে ভোগ দখলকার হয় ও রহিয়াছে। বাদীগনের মালিকীয় দখলীয় নিম্ম তফসিলের ভূমি বিএস জরিপে বাদীগন কি বাদীগনের মৌরশের নামে রেকর্ড না হইয়া নেহায়েত ভুলভাবে ১-৬৬ নং বিবাদীগন কি তাহাদের মৌরশের নামে রেকর্ড হওয়ার কারনে বাদীগনের স্বত্ব স্বার্থের উপর মেঘাবরন সৃষ্টি হইয়াছে এবং উক্ত মেঘাবরন বহাল ও বলবৎ থকিলে অদূর ভবিষ্যতে বাদীগনের স্বত্ব স্বার্থের দারুন ক্ষতির সমূহ সম্ভবনা রহিয়াছে। তাই বাদীগন বিবাদীগনের বিরুদ্ধে নিম্ম তফসিলে বর্নিত ভূমি বাবত হুজুরাদালত হইতে স্বত্ব ঘোষনার ডিক্রী পাওয়ার নিমিত্তে; অত্র মামলা আনয়ন করিতেছে এবং বাদীগন হুজুর আদালত হইতে বর্নিত রুপ ডিক্রী পাওয়ার হকদার ও অধিকারী বটে।

৪। বাদীগনের মালিকীয় দখলীয় নিম্ম তফসিলের ভূমি বিএস জরিপে বাদীগন কি বাদীগনের মৌরশের নামে রেকর্ড না হইয়া নেহায়েত ভুলভাবে ১-৬৬ নং বিবাদীগন কি তাহাদের মৌরশের নামে বিএস জরিপে রেকর্ড হওয়ার বিষয় বাদীগন বিগত ১১/৩/২০১৮ ইং তারিখে সঠিক ভাবে অবগতের তারিখ গতে ২৭ শে ফাগুন ১৪১৪ বাংলা সনে অত্র আদালতে অত্র মামলা দায়ের করার কারণ উদ্ভব হইয়াছে।

৫। অত্রাদালতের এলাকা ও কোর্ট ফি নির্ণয়ের সুবিধার্থে নিম্ম তফসিলে বর্নিত ভূমির বর্তমান বাজার মূল্য মং ৩০,০০০/-টাকা নির্ধারনে এবং তাহা অত্র মামলার তায়দাদ ধরটে নিম্ম তফসিল ভূমি বাদীগনের শান্তি পূর্ণ দখলে থাকায় এবং অত্র মামলা শুধুমাত্র স্বত্ব ঘোষনার ডিক্রী পাওয়ার মামলা হওয়ায় হাল আইনের বিধান মতে ঠিকা মং ৩০০/= টাকার কোর্ট ফি যুক্তে বিচার দাবীতে অত্রাদালতে অত্র মামলা দায়ের করা গেল।

৬। অতএব বাদীগন বিনীত ভাবে প্রার্থনা করেন যে,

ক) বাদীগনকে বিবাদীগনের বিরুদ্ধে নিম্ম তফসিলে বর্নিত ১নং সম্পত্তি বাবত স্বত্ব ঘোষনা এবং ২নং সম্পত্তি বাবত শরিকদারগনের সাথে এজমালিতে ৩৭৫ শতক ভূমিতে স্বত্ব ঘোষনার ডিক্রী দানের।

খ) সম্যক আদালত ব্যয় প্রতিবাদ কারী বিবাদীগনের বিরুদ্ধে ডিক্রী দানের

অথবা

গ) আদালতের ন্যায় বিচারে বাদী আর যে ভাবে যতদুর উপকার বা প্রতিকার পাইতে পারে তদমর্মে আদেশ দানের মর্জি হয়।

তফসিল স্বত্ব ঘোষনার প্রার্থীত ভূমি।

১। জেলা- ফেনী, উপজেলা- ছাগলনাইয়া, মৌজা-দক্ষিণ কুহুমা, এর মধ্যে সিএস ২৪/৭৯ নং খতিয়ানে, এমআরওআর ৪২/৭৯/৮০ নং খতিয়ানে, বিএস ৮৩/১৮০/৩১২/৩৪৩/৯৯৬/৪৬২/২৫৮/৬০০/৬২২ নং খতিয়ানে

| সাবেক দাগ | হাল দাগ | জমির পরিমান | প্রার্থীত ভূমি |
|---|---|---|---|
| ৮৮৭/৮৮৬ | ৬৭২ | ৮৬ শতক আন্দরে দক্ষিনাংশে | ৬.০৪ শতক |

১৬.০৪ শতক তদান্দরে

যাহার চৌহুদ্দীঃ- উত্তরে হাল ৬৭৫ দাগ, দক্ষিনে হাল ৭০০ দাগ, পূর্বে- পুকুর ও হাল ৬৭১ দাগ, পশ্চিমে- হাল ৬৭৬/৬৮১/৬৮২/৬৮৪/৬৮৫/৬৮৭ দাগের ভূমি।

২। জেলা- ফেনী, উপজেলা- ছাগলনাইয়া, মৌজা-দক্ষিণ কুহুমা, এর মধ্যে সিএস ৮০ নং খতিয়ানে, এমআরওআর ৪২/৮০ নং খতিয়ানে, বিএস ৮৩/ ১৮০/ ৩১২/ ৩৪৩/২৫৮/৬০০/৬২২ নং খতিয়ানে

| সাবেক দাগ | হাল দাগ | জমির পরিমান | প্রার্থীত ভূমি |
|---|---|---|---|
| ৮৮১/৮৮২ | ৬৭০ | ৫৭ শতক আন্দরে | ৩.৭৫ শতক |

যাহার চৌহুদ্দীঃ উত্তরে হাল ৬৭৩ দাগ, দক্ষিনে হাল ৭০২/৭০৯ দাগ, পূর্বে রাস্তা, পশ্চিমে- বাড়ী ও হাল ৬৭১ দাগের ভূমি।

একুনে উভয় তফছিলে স্বত্ব ঘোষনার প্রার্থীত ভূমি ৯.৭৯ শতক।

সত্যপাঠ

অত্র আর্জির যাবতীয় বিবরণ সত্য জ্ঞানে নিম্নে নিজ নাম স্বাক্ষর করিলাম।

ইতি তাং-